

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
www.dshe.gov.bd



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.২২১.১৯-১২০৬৮/৬

তারিখ : ২৩/০৩/১৪২৬ বঙ্গাব্দ  
৭/০৭/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : সিলেট জেলার বিশ্বনাথ আমজদ উল্লাহ ডিগ্রী কলেজের অধ্যক্ষ জনাব নেছার আহমদ কর্তৃক জ্যেষ্ঠতা লংঘন, প্রভিডেন্ট ফান্ড না খোলা ও হযরানি করার অভিযোগ তদন্তকরণ।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭০.৭৭.০০১.১৮.৭৮ তারিখ : ২১/০৪/২০১৯।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিলেট জেলার বিশ্বনাথ আমজদ উল্লাহ ডিগ্রী কলেজের অধ্যক্ষ জনাব নেছার আহমদ কর্তৃক জ্যেষ্ঠতা লংঘন, প্রভিডেন্ট ফান্ড না খোলা ও হযরানি করার অভিযোগ তদন্ত করার জন্য সূত্রোক্ত স্মারক মোতাবেক মাউশিকে নির্দেশনা প্রদান করেন।

**অভিযোগ :** জনাব নাছরিন জাহান, প্রভাষক(অর্থনীতি) অভিযোগ করেন যে, তিনি জ্যেষ্ঠ শিক্ষক হওয়া সত্ত্বেও প্রতিষ্ঠানে তার থেকে জুনিয়র জনাব মাহমুদা আক্তার, প্রভাষক(কম্পিউটার) কে প্রতিষ্ঠানের হাজিরা খাতাসহ সকল কাজে জ্যেষ্ঠ হিসেবে দেখানো হয়। চাকুরিতে ২ বছর পূর্তিতে কলেজের প্রভিডেন্ট ফান্ড খোলার নিয়ম থাকলে তাকে প্রভিডেন্ট ফান্ড সুবিধা থেকে বঞ্চিত করা হচ্ছে। প্রতিষ্ঠানের হাজিরা খাতা অধ্যক্ষের নিয়ন্ত্রনে থাকে। অধ্যক্ষের খেয়াল খুশিমত হাজিরা খাতায় স্বাক্ষর করতে দেন। এ ক্ষেত্রে নিয়মিত হাজিরা প্রদানে বাধাগ্রস্ত হচ্ছেন।

অভিযোগটি তদন্ত করার জন্য নিম্নোক্ত কর্মকর্তাদের মনোনীত করা হলো -

- (১) জনাব আকতারুজ্জামান ভূইয়া, উপপরিচালক(শারীরিক শিক্ষা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- (২) জনাব খালেদ সাইফুল্লাহ, সহকারী পরিচালক(বিশেষ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;

এমতাবস্থায়, প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শনপূর্বক পত্রের সাথে সংযুক্ত অভিযোগগুলো তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ ২(দুই) প্রস্থ তদন্ত প্রতিবেদন ১০(দশ) কর্মদিবসের মধ্যে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
০২.০৭.১৯

(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭।

ই-মেইল : ncollege@dshe.gov.bd

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট;
- ০৩। জনাব আকতারুজ্জামান ভূইয়া, উপপরিচালক(শারীরিক শিক্ষা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৪। জনাব খালেদ সাইফুল্লাহ, সহকারী পরিচালক(বিশেষ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৫। জেলা শিক্ষা অফিসার, সিলেট;
- ০৬। সভাপতি, গভর্নিং বডি, উত্তর বিশ্বনাথ আমজদ উল্লাহ ডিগ্রী কলেজ, সিলেট;
- ০৭। অধ্যক্ষ, উত্তর বিশ্বনাথ আমজদ উল্লাহ ডিগ্রী কলেজ, সিলেট;
- ০৮। সংরক্ষণ নথি।